তারিখ 20 JUN 2016
পৃষ্ঠা ৭ম কলাম ৪

যুগান্তর

# রংপুরে ছাত্রী ধর্ষণ চেষ্টা : মাদ্রাসা শিক্ষক আটক

**রংপুর ব্যুরো**

রংপুরে দেউতি দারুল হুদা তালিমুল কুরআন মাদ্রাসার মাহফুজার রহমান নামে এক শিক্ষকের বিরুদ্ধে তৃতীয় শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণ চেষ্টার অভিযোগ উঠেছে। প্রতিবাদে বিক্ষুব্ধ এলাকাবাসী ওই মাদ্রাসায় হামলা চালিয়ে ভাংচুর করেছে। পরে অভিযুক্ত শিক্ষককে আটক করে পুলিশের হাতে তুলে দেয়া হয়।

পুলিশ সূত্রে জানা যায়, রোববার দুপুরে ওই ছাত্রীকে চিপস খাওয়ানোর লোভ দেখিয়ে মাদ্রাসার বাথরুমে নিয়ে ধর্ষণের চেষ্টা করে মাহফুজ। ওই ছাত্রী বাথরুম থেকে বেরিয়ে এসে কান্নাকাটি শুরু করে। স্থানীয়রা কান্নার কারণ জানতে চাইলে ভুক্তভোগী ছাত্রী জানায়, মাহফুজার রহমান প্রায়ই তাকে ও তার এক সহপাঠীকে ছুটির পরে যৌন হয়রানি করে আসছিল। ক্ষুব্ধ এলাকাবাসী তাৎক্ষণিক বিক্ষোভ মিছিল করে মাদ্রাসায় হামলা চালিয়ে ভাংচুর করেন। খবর পেয়ে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ সময় একটি কক্ষে ওই শিক্ষককে এলাকাবাসী আটক করে রাখেন। পরে তারা তাকে পুলিশের হাতে তুলে দেন। মাহফুজুর রহমান মাদ্রাসাটির প্রতিষ্ঠাতা মফিজুল ইসলামের ছেলে।